ভোরের কাগজ

১৬

তারিখ ... JUL 1 2 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

### নভেম্বর গোলযোগে অভিযুক্ত ৭ ছাত্রকে বহিষ্কার

# বিক্ষুব্ধ ছাত্রদের ভাঙচুর, গাজীপুর বিআইটি বন্ধ ঘোষণা

গাজীপুর প্রতিনিধি : সাত ছাত্রের বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে গতকাল রোববার গাজীপুরে বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজিতে (বিআইটি) ব্যাপক ভাঙচুরের ঘটনা ঘটেছে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করে ছাত্রদের আবাসিক হল ত্যাগের নির্দেশ দিয়েছে।

বিআইটি সূত্রে জানা যায়, গত ৩ ও ৪ নভেম্বর ইনস্টিটিউটের ক্যাম্পাসে ও আবাসিক হলসমূহে যেসব অপ্রীতিকর ঘটনা ঘটেছিল সেই পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ ২৬ জন ছাত্রকে দায়ী করে প্রত্যেককে কৈফিয়ত তলব করে। কৈফিয়ত তলবের পরিপ্রেক্ষিতে ছাত্ররা গত ১৪ ফেব্রুয়ারি যে উত্তর দেয় কর্তৃপক্ষ তা সন্তোষজনক নয় বলে অভিহিত করে। এদিকে নভেম্বরের অপ্রীতিকর ঘটনাকে কেন্দ্র করে বিআইটির সহযোগী অধ্যাপক নূরুজ্জামানকে প্রধান করে ৯ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠিত হয়।

এ কমিটি গতকাল রোববার সকাল ৯টার দিকে বিআইটি ক্যাম্পাসে অভিযুক্ত ২৬ ছাত্রের মধ্যে সাতজনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে ইনস্টিটিউট থেকে বহিষ্কারের ঘোষণা দেয়। ঘোষণা শুনে ছাত্ররা তাৎক্ষণিকভাবে বিআইটি পরিচালক ড. অধ্যাপক এম এ হান্নানের কক্ষ, মেডিকেল সেন্টারের আসবাবপত্র, কলেজের কম্পিউটার, ফোন, ফ্যাক্সসহ মূল্যবান জিনিসপত্র ভাঙচুর করে। ছাত্ররা ক্যাম্পাসে লাঠি মিছিল বের করলে জটিল পরিস্থিতির সৃষ্টি হয়। খবর পেয়ে জয়দেবপুর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে ছাত্ররা ইনস্টিটিউটের প্রধান ফটকে পুলিশদের বাধা দেয়। পরে অতিরিক্ত পুলিশ ইনস্টিটিউটের বাউন্ডারি দেয়াল টপকিয়ে ক্যাম্পাসে ঢোকে। এ সময় অবস্থার বেগতিক দেখে পুলিশ ৫/৬ রাউন্ড গুলি ছোড়ে। পুলিশ পরে তালাবদ্ধ কক্ষ থেকে বিআইটি, ঢাকার পরিচালক ড. হান্নানকে উদ্ধার করে। প্রত্যক্ষদর্শীরা জানায়, ছাত্ররা এক পর্যায়ে পরিচালকের কক্ষে আগুন লাগানোর চেষ্টা করে।

বহিষ্কৃত সাতজন ছাত্র হলো, কামরুল হাসান, ১ম বর্ষ, যন্ত্রকৌশল, রোল নং- ৯৩৩১৭, বাচ্চু মিয়া ১ম বর্ষ, পুরকৌশল, রোল নং- ৯৭১৩১, মেহেদী হাসান, ৩য় বর্ষ, পুরকৌশল, রোল নং- ৯৩১০৩, আমানুল ইসলাম, ৩য় বর্ষ, পুরকৌশল, রোল নং- ৯৩১৪৭, আবু নছর মোঃ আব্দুল্লাহ, ২য় বর্ষ, যন্ত্রকৌশল, রোল নং- ৯৩৩২৮, মোঃ আব্দুল আলীম, ১ম বর্ষ, যন্ত্রকৌশল, রোল নং- ৯৪৩২৭ এবং আমিরুল হক, ২য় বর্ষ, যন্ত্রকৌশল, রোল নং-৯১৩১০। সৃষ্ট গোলযোগের কারণে পরে বিআইটি ঢাকা কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনস্টিটিউট বন্ধ ঘোষণা করে ছাত্রদের আবাসিক হল ত্যাগের নির্দেশ দেন। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন রয়েছে।

উল্লেখ্য, ক্যাম্পাসে গত ৩ নভেম্বর জেলহত্যা দিবস পালনকালে ছাত্রদল কর্মীরা ছাত্রলীগ কর্মীদের বাধা দেয়। এ নিয়ে ক্যাম্পাসে অপ্রীতিকর ঘটনা ঘটে। এ ঘটনাকে কেন্দ্র করে গঠিত বোর্ড অফ ডিসিপ্লিন সাত ছাত্রের বিরুদ্ধে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়। বহিষ্কৃতরা প্রত্যেকেই ছাত্রলীগ নেতা। বর্তমানে বিআইটি ও আশপাশের এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে।